



“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
৯৩৯, ও.আর. নিজাম রোড, চট্টগ্রাম
ফোন: ০২৩৩৪৪৫০৪৬০
e-mail: bsa.ctg07@gmail.com



তারিখ: ২১/০৯/২০২১খ্রি:

স্মারক নং-বাশিএ/চট্টগ্রাম/২০২১-১৫৩

বিষয়: - বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২০ উদযাপন উপলক্ষে শিশুদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

স্মারক নং ৩২.০৩.০০০০.৪০১.২৩.০১৬.২১-১৯১২ (১৪০)৭৮৬, তারিখ: ০৭/০৯/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন, চট্টগ্রামের সহযোগিতায় এবং বাংলাদেশ শিশু একাডেমি, চট্টগ্রাম এর উদ্যোগে শিশুদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠান/সংগঠনের ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। এবারের প্রতিপাদ্য বিষয়-


“শিশুদের জন্য বিনিয়োগ করি, সমৃদ্ধ বিশ্ব গড়ি”

প্রতিযোগিতার নাম	বিভাগ, শ্রেণি ও সময়	বিষয়
জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে কন্যা শিশুদের আবৃত্তি প্রতিযোগিতা ভারুয়ালী	ক- ৩য়-৫ম শ্রেণি (সকাল ১০.০০-১১.০০টা)	হারিয়ে যাওয়া- রবীন্দ্রনাথ ঠাকুর (সংযুক্ত)
	খ- ৬ষ্ঠ-১০ম শ্রেণি (সকাল ১১.০০-১২.০০টা)	নারী- কাজী নজরুল ইসলাম (সংযুক্ত)
চিত্রাংকন	ক-নার্সারী-৩য় শ্রেণি	শরতের দৃশ্য
	খ- ৪র্থ-৬ষ্ঠ শ্রেণি	শিশু অধিকার
	গ- ৭ম-১০ম শ্রেণি	বুঁকিপূর্ণ শিশুশ্রম
	ঘ- বিশেষ চাহিদা সম্পন্ন শিশু ১ম -১০ম শ্রেণি	ইচ্ছেমতো
রচনা প্রতিযোগিতা স্বাস্থ্য বিধি মেনে শুধু মাত্র শিশু বিকাশ কেন্দ্রের ছাত্রদের জন্য (সরাসরি)	ক- ৩য় শ্রেণি-৫ম শ্রেণি	বিশ্ব শিশু দিবস
	খ-৬ষ্ঠ-১০ম শ্রেণি	শিশু অধিকার

প্রতিযোগিতার শর্তাবলী নিম্নরূপ:-

- কন্যা শিশুদের আবৃত্তি প্রতিযোগিতা আগামী ০৫/১০/২০২১ মঙ্গলবার “ক বিভাগ” সকাল ১০.০০ থেকে ১১.০০ টা আর “খ বিভাগ” সকাল ১১.০০টা দুপুর ১২.০০টা ‘Zoom cloud meeting app’ এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। আগ্রহী কন্যা শিশুদের আগামী ০৪/১০/২০২১ তারিখের মধ্যে মোবাইল নম্বর ০১৮৪২৩৮৮৮৭১ যোগাযোগ করে অথবা সরাসরি অত্রকার্যালয়ে এসে প্রতিযোগিতার জন্য রেজিস্ট্রেশন করতে হবে। নির্ধারিত সময়ের পরে রেজিস্ট্রেশন করা হবে না। Meeting ID: 606 136 1076 Passcode: bsactg
- চিত্রাংকন আগামী ০৫/১০/২০২১খ্রি: তারিখ বিকাল ৫.০০টার মধ্যে চিত্রাংকন বাসায় স্বহস্তে একে ডাকযোগে অথবা সরাসরি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। চিত্রাংকন ১৬ ইঞ্চি (৪০ সি.মি) দৈর্ঘ্য, ১১ইঞ্চি (২৮ সে.মি) প্রস্থ সাইজের কার্টিজ পেপারে হতে হবে। ছবির পিছনে প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা, শ্রেণি, স্কুলের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) অবশ্যই সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রয়োজনে-০১৭১৫৬৭৪৪৭৫
- বিজয়ীদের মধ্যে আগামী ১০/১০/২০২১ তারিখ সকাল ১০.০০টায় পুরস্কার ও সনদপত্র বাংলাদেশ শিশু একাডেমি চট্টগ্রাম, মিলনায়তনে বিতরণ করা হবে। ফলাফল মেবাইলে ও বাংলাদেশ শিশু একাডেমির নোটিশ বোর্ড, শিশু একাডেমির ফেসবুক পেইজে জানিয়ে দেওয়া হবে।

প্রাপক:


নুরুল আবছার ভূঁঞা
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
চট্টগ্রাম

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আনোয়ারা/ বাঁশখালী/ বোয়ালখালী/ চন্দনাইশ/ ফটিকছড়ি/ হাটহাজারী/ লোহগাড়া/ মীরসরাই/ পটিয়া/ রাঙ্গুনিয়া/ রাউজান/ সন্দ্বীপ/ সাতকানিয়া/ সীতাকুণ্ড / কর্ণফুলী।
- ৫। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম। (বিষয়টি আপনার অধিনস্থ শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হল।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম। (বিষয়টি আপনার অধিনস্থ শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হল।)
- ৭। জনাব নুরুল নাহার, ইংরেজী কাম কম্পিউটার প্রশিক্ষক শিশু বিকাশ কেন্দ্র, চট্টগ্রাম।
- ৮। অফিস কপি

ক বিভাগ

৩য় – ৫ম শ্রেণি

হারিয়ে-যাওয়া

—রবীন্দ্রনাথ ঠাকুর

ছোট্ট আমার মেয়ে
সঞ্জিনীদের ডাক শুনতে পেয়ে
সিঁড়ি দিয়ে নিচের তলায় যাচ্ছিল সে নেমে
অন্ধকারে ভয়ে ভয়ে থেমে থেমে।
হাতে ছিল প্রদীপখানি,
ঔঁচল দিয়ে আড়াল ক'রে চলছিল সাবধানী।

আমি ছিলাম ছাতে
তারায় ভরা চৈত্রমাসের রাতে।
হঠাৎ মেয়ের কান্না শুনে, উঠে
দেখতে গেলেম ছুটে।
সিঁড়ির মধ্যে যেতে যেতে
প্রদীপটা তার নিবে গেছে বাতাসেতে।
শুধাই তারে, "কী হয়েছে, বাম্মী!"
সে কেঁদে কয় নিচে থেকে, "হারিয়ে গেছি আমি।"


খ বিভাগ

৬ষ্ঠ-১০ম শ্রেণি

নারী

—কাজী নজরুল ইসলাম

সাম্যের গান গাই-
আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই!
বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।
বিশ্বে যা কিছু এল পাপ তাপ বেদনা অশ্রুবারি,
অর্ধেক তার আনিয়াছে নর অর্ধেক তার নারী।
নরক কুন্ড বলিয়া তোমা' করে নারী হয় জ্ঞান?
তারে বল, আদি-পাপ নারী নহে, সে যে নর শয়তান।
অথবা পাপ যে-শয়তান যে-নর নহে নারী নহে,
ক্লীব সে, তাই নর ও নারীতে সমান মিশিয়া রহে।
এ বিশ্বে যত ফুটিয়াছে ফুল, ফলিয়াছে যত ফল
নারী দিল তাহে রূপ-রস-সুধা-গন্ধ সুনির্মল।
তাজমহলের পাথর দেখেছ, দেখিয়াছ তার প্রাণ?
অন্তরে তার মমতাজ নারী, বাহিরেতে শা-জাহান।
জ্ঞানের লক্ষী, গানের লক্ষী, শস্য-লক্ষী নারী,
সুখম-লক্ষী নারীওই ফিরিছে রূপে রূপে সঞ্চারী'।


২৭/৩/২২
নূরুল আবছার জুঁঞা
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
চট্টগ্রাম